অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বেয়ার্ড কাটিং আরবোরেটাম স্টেট পার্কের 9.3 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়নকাজ শুরুর ঘোষণা করলেন

উন্নয়নকাজের মধ্যে রয়েছে নতুন দর্শনার্থী কেন্দ্র, উন্নত পার্কিং, এবং উন্নত প্রদর্শনী

সাইটটি লং আইল্যান্ডের সাউথ শোরে শেষ অবশিষ্ট 19 শতকের মহান এস্টেটগুলির মধ্যে একটি

প্রকল্পের রেন্ডারিংগুলি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে সাফোক কাউন্টির বেয়ার্ড কাটিং আরবোরেটাম স্টেট পার্কে (Bayard Cutting Arboretum State Park) একটি নতুন দর্শনার্থী কেন্দ্র (Visitor Center), উন্নত পার্কিং, এবং উন্নত প্রদর্শনীর 9.3 মিলিয়ন মার্কিন ডলারের নির্মাণকাজ শুরু করার ঘোষণা করলেন।

"বেয়ার্ড কাটিং আরবোরেটাম স্টেট পার্ক কয়েক দশক ধরে দর্শনার্থীদের আকৃষ্ট করছে এবং একটি 19 শতকে লং আইল্যান্ডের সাউথ শোরের বড় বড় এস্টেটগুলির একটি উজ্জ্বল উদাহরণ," **গভর্নর হোকল বলেন।** "এই উন্নয়নকাজগুলি ঐতিহাসিক এই সাইটটিকে আরো সমৃদ্ধ ও আনন্দদায়ক একটি অভিজ্ঞতা বানাবে, এবং নিশ্চিত করবে যাতে অনেক প্রজন্মের নিউ ইয়র্কবাসীরা এটি উপভোগ করতে পারে।"

পরিকল্পনা অনুযায়ী বহু পর্যায়ের নির্মাণকাজটি 2024 সালের ফল মৌসুমে শেষ হওয়ার কথা। উন্নয়নকাজের মধ্যে থাকবে একটি নতুন 1,600 বর্গফুটের দর্শনার্থী কেন্দ্র যেখানে দর্শনার্থীদেরকে কাটিং পরিবার ও তাদের ঐতিহাসিক 60 কক্ষের, টিউডর ধাঁচের ম্যানশন, ব্যাপক বৈচিত্র্যের গাছপালা, ঝোপঝাড়সহ ল্যান্ডস্কেপ করা গ্রাউন্ড, এবং লং আইল্যান্ডে চলমান জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে শিক্ষাদান করা হবে।

এছাড়াও বিদ্যমান অপেক্ষাকৃত ছোট পার্কিং স্পেস প্রতিস্থাপন করে 248টি নতুন পেভড এবং সাধারণ প্রস্থের পার্কিং স্পেস গঠন করা হবে। ম্যানশনটির বিদ্যুৎ সেবাও হালনাগাদ করা হবে।

9.3 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি একাধিক অংশীদার দ্বারা অর্থায়িত হচ্ছে, যার মধ্যে আছে জাতীয় হেরিটেজ ট্রাস্টের (Natural Heritage Trust, NHT) মাধ্যমে বেয়ার্ড কাটিং ট্রাস্টি বোর্ড (Bayard Cutting Board of Trustees) থেকে 1.5 মিলিয়ন মার্কিন ডলার, এবং সেই সাথে নিউ ইয়র্ক ওয়ার্কস (New York Works) (4.8 মিলিয়ন মার্কিন ডলার), ফেডারেল ভূমি ও পানি সংরক্ষণ তহবিল (Land and Water Conservation Fund) (2.3 মিলিয়ন মার্কিন ডলার), এবং স্টেটের পরিবেশ সংরক্ষণ তহবিল (Environmental Protection Fund) (750,000 মার্কিন ডলার) থেকে অনুদান।

স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "বেয়ার্ড কাটিং ট্রাস্টিদের উদার সমর্থন, এবং স্টেটের তহবিল সম্মিলিত হয়ে এমন একটি সরকারি/বেসরকারি অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে যা স্টেট পার্কস এবং জাতীয় হেরিটেজ ট্রাস্টের জন্য অত্যন্ত মূল্যবান। এই উন্নয়নকাজগুলি বিশেষ এই স্থানটিতে বেড়ানো আরো ভালো করবে, যেখানে 2021 সালে রেকর্ড সংখ্যক মানুষ এসেছে।"

বেয়ার্ড কাটিং ট্রাস্টিদের প্রধান, স্কট ওয়াইজ বলেন, "স্টেট এবং ট্রাস্টের মধ্যকার বহু বছরের বিচক্ষণ প্রস্তুতির পর এটি হচ্ছে, এবং আমরা দুর্দান্ত এটি উন্নয়নকাজে অংশগ্রহণ করতে পেরে অত্যন্ত আনন্দিত।"

স্টেটের সিনেটর অ্যালেক্সিস ওয়েইক বলেন, "বেয়ার্ড কাটিং আরবোরেটাম স্টেট পার্কটি হলো লং আইল্যান্ড ও আমাদের সম্প্রদায়সমূহের একটি রত্ন। আমি ও আমার পরিবারের মতো বহু মানুষ এই পার্কটি উপভোগ করে, এবং আমি খুশি যে ঐতিহাসিক ও সমৃদ্ধ ইতিহাসে পূর্ণ এই স্থানটি এর প্রয়োজনীয় ও প্রাপ্য উন্নয়নকাজ পাচ্ছে।"

অ্যাসেম্বলিম্যান জ্যারেট গ্যান্ডোলফো বলেন, "আরবোরেটামে এই বিনিয়োগটি শুধু দর্শনার্থীদের অভিজ্ঞতাকেই উন্নত করবে না, বরং ভবিষ্যৎ প্রজন্মের উপভোগ করার জন্য লং আইল্যান্ডের ইতিহাসের একটি অত্যাবশ্যকীয় অংশকে সংরক্ষণ করতে সাহায্য করবে।"

টেকসই হওয়ার প্রয়াসের মধ্যে থাকবে দর্শনার্থী কেন্দ্রের ছাদে একটি ফটো-ভল্টাইক সৌর শক্তির অ্যারে, LED পার্কিং লট বাতি, বৈদ্যুতিক যানের চার্জিং স্টেশন এবং পার্কিং লটগুলিকে প্রেভাস অ্যাসফল্ট পেভিং যা ঝড়ের পানি নিষ্কাশন এবং পানির মান উন্নত করবে। নির্মাণকাজের সময় পার্কটি খোলা থাকবে। দর্শনার্থীদের আরবোরেটামের সাথে পরিচিত করার জন্য এবং এখানে অবস্থিত নির্দিষ্ট গাছ ও বাগান সম্পর্কে জানার জন্য একটি ইন্টারেক্টিভ অ্যাপ/ওয়েবসাইটও তৈরি করা হচ্ছে।

MBB আর্কিটেক্টসের (MBB Architects) নকশা করা নতুন দর্শনার্থী কেন্দ্রটি 19,000 বর্গফুট ম্যানশন ও জমির প্রবেশপথে অবস্থিত একটি কাঁচের প্যাভিলিয়ন হবে যেখানে প্রদর্শনী করা হবে। প্রদর্শনীগুলি আরবোরেটামের গাছপালা, গাছ বড় হওয়ার বিজ্ঞান, সম্পত্তিটির ইতিহাস, এবং মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনে সাড়াদান করতে বর্তমানে কী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে তা তুলে ধরবে। প্রকল্পটির সাধারণ ঠিকাদার হবে G&M আর্থ মুভার্স (G&M Earth Movers), মেকানিক্যাল ঠিকাদার হবে সেন্ট্রাল এয়ার কর্প (Central Air Corp), বৈদ্যুতিক ঠিকাদার হবে রোল্যান্ডস

ইলেকট্রিক ইনকর্পোরেটেড (Roland's Electric Inc.), এবং প্লাম্বিং ঠিকাদার হবে KG মেকানিক্যাল ইনকর্পোরেটেড (KG Mechanical Inc.)। নির্মাণ ব্যবস্থাপনা করবে দ্য লিরো গ্রুপ (The LiRo Group)।

2021 সালে 471,000-র বেশি মানুষ আরবোরেটামে এসেছে, যা একটি বার্ষিক রেকর্ড এবং 2015 সাল থেকে এটি প্রায় 90 শতাংশ বেশি। 2003 সাল থেকে, 4.4 মিলিয়নের বেশি মানুষ ছবির মতো সুন্দর কানেটকোয়াট নদীর তীরে অবস্থিত এই 691 একরের পার্কটিতে বেড়াতে এসেছে। এস্টেট ম্যানশনটি এস্টেট যুগের সাথে সামঞ্জস্যপূর্ণ আসবাবপত্রসহ এর প্রকৃত ধাঁচে সংরক্ষণ করা হয়েছে। ম্যানশনটিতে মৌসুমী গাইডেড ট্যুরের ব্যবস্থা রয়েছে, সম্প্রতি এটি HBO ম্যাক্সের *দ্য গিল্ডেড এজের (The Gilded Age)* শুটিং করার সময় ব্যবহার করা হয়েছে। এছাড়াও পার্কে রয়েছে একাধিক হাইক করার ট্রেইল যা সারা বছর খোলা থাকে। একজন ধনবান অ্যাটর্নি, অর্থদাতা, রিয়েল এস্টেট নির্মাতা, সুগার বিট রিফাইনার, এবং দানশীল ব্যক্তিত্ব, আরবোরেটাম গ্রাউন্ডসের প্রথম মালিক বেয়ার্ড কাটিংয়ের জন্য এর নকশা করেন ফ্রেডেরিক ল ওমস্টেড, তিনি, যিনি এর পূর্বে নিউ ইয়র্ক সিটিতে সেন্ট্রাল পার্ক (Central Park) এবং বর্তমানের নায়াগ্রা ফলস স্টেট পার্ক (Niagara Falls State Park) নকশা করেছিলেন।

পার্কটি 1973 সাল থেকে জাতীয় ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় (National Register of Historic Places) একটি ঐতিহাসিক জেলা হিসেবে অন্তর্ভুক্ত আছে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদন ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে যেখানে বার্ষিক রেকর্ড 78 মিলিয়ন মানুষ বেড়াতে আসে। এসব চিত্তবিনোদনের স্থান সম্পর্কে আরো তথ্যের জন্য, 518-474-0456 নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন www.parks.ny.gov ঠিকানায়, আমাদের সঙ্গে ফেসবুকে যুক্ত হোন, অথবা ইনস্টাগ্রাম ও টুইটারে অনুসরণ করুন।

জাতীয় হেরিটেজ ট্রাস্ট একটি অলাভজনক, জনকল্যাণ কর্পোরেশন যার মিশন হলো নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন, সাংস্কৃতিক, ভূমি ও পানি সংরক্ষণ এবং ঐতিহাসিক সংরক্ষণ উদ্দেশ্যে গৃহীত সরকারি কর্মসূচিসমূহকে অগ্রসর করার জন্য উপহার, অনুদান ও দান গ্রহণ ও এর পরিচালনা করা। NHT দান গ্রহণ করে, তহবিল উত্তোলন করে, এবং এর এজেন্সিগুলির সাথে মিলে সমবায়সূচক কর্মসূচি ও প্রকল্পের মাধ্যমে নিজেদের মিশন অর্জন করে, এজেন্সিগুলি হলো: নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস, পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC), এবং স্টেট বিভাগ (Department of State, DOS)। আরো তথ্যের জন্য, www.naturalheritagetrust.org ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418